

“গণবিজ্ঞপ্তি”

আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা স্বারক নং-৪৪.০৩.০০০০.০৬২.৩২.০৩২.২৩-২০১, তারিখঃ ৩০/০৮/২০২৩ খ্রিঃ মোতাবেক ২০২৩-২০২৪ অর্থ বছরের অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী বাছাই কার্যক্রম নিম্নবর্ণিত ছক মোতাবেক জেলা আনসার ও ভিডিপি প্রশিক্ষণ কেন্দ্র, মশরপুর, নওগাঁয় অনুষ্ঠিত হবে।

ক্রঃ নং	প্রশিক্ষণের নাম	প্রশিক্ষণের তারিখ		বাছায়ের তারিখ
		হতে	পর্যন্ত	
০১	অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণ (৪র্থ ধাপ)	০৮/১০/২০২৩	২৮/১০/২০২৩	০৭/১০/২০২৩ সময়ঃ সকাল ০৯.০০ ঘটিকায়
০২	অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণ (৫ম ধাপ)	২৯/১০/২০২৩	১৮/১১/২০২৩	২৮/১০/২০২৩ সময়ঃ সকাল ০৯.০০ ঘটিকায়
০৩	অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণ (৬ষ্ঠ ধাপ)	২৬/১১/২০২৩	১৬/১২/২০২৩	২৫/১১/২০২৩ সময়ঃ সকাল ০৯.০০ ঘটিকায়

যোগ্যতাসমূহঃ-

- নূন্যতম ৮ম শ্রেণি পাশ হতে হবে। অধিক শিক্ষিত ব্যক্তিদের অগ্রাধিকার দেয়া হবে।
- ভিডিপি প্লাটুনভুক্ত সদস্য হতে হবে।
- বয়স ১৮ হতে ৩০ বছর।
- সুস্বাস্থ্যের অধিকারী ও অধিক উচ্চতাপ্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে (সর্বনিম্ন উচ্চতা-৫'-৪'')।
- স্থানীয় চেয়ারম্যান/কাউন্সিলর কর্তৃক নাগরিকত্ব ও চারিত্রিক প্রত্যয়ন পত্র থাকতে হবে।
- সাজাপ্রাপ্ত/দণ্ডিত ও মামলায় জড়িত ব্যক্তিকে প্রশিক্ষণার্থী হিসেবে বাছাই করা যাবে না।
- অবশ্যই জাতীয় পরিচয়পত্রধারী হতে হবে।

উল্লেখ্য যে, প্রয়োজনীয় কাগজপত্রসহ যোগ্যতায় উল্লেখিত গ, চ, ছ কলাম অনুযায়ী বাছাই এর তারিখে প্রার্থীর নিকট আবশ্যিকভাবে থাকতে হবে।

(বিঃ দ্রঃ-উক্ত প্রশিক্ষণের প্রশিক্ষণার্থীদের খাবার, আবাসন এবং কল্যাণ প্রশিক্ষণ চলাকালীন সময়ে সম্পূর্ণ সরকারী অর্থায়নে বাস্তবায়ন করা হবে। এক্ষেত্রে, প্রশিক্ষণার্থীদের কোনরূপ ব্যয়ভার বহন করার প্রয়োজন হবেনা। প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের এককালীন যাতায়াত ভাতা প্রদান করা হবে। সম্পূর্ণ সরকারী অর্থায়নে এ প্রশিক্ষণ পরিচালিত হওয়ায় কোন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণে সুযোগ প্রাপ্ত হবার জন্য কোনরূপ আর্থিক লেনদেনে জড়িত না হবার জন্য অনুরোধ করা হলো। কোন প্রশিক্ষণার্থী আর্থিক লেনদেনে জড়িত হলে এর দায়ভার সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বহন করবে না।)